



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/28/2019

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

## গভর্নর কুওমো উপাসনালয়সমূহের চারপাশে নিরাপত্তা বৃদ্ধির জন্য স্টেট পুলিশকে নির্দেশ দিয়েছেন

"ক্যালিফোর্নিয়া অঙ্গরাজ্যের পোওয়ে এলাকার চাবাদে ভয়ঙ্কর বন্দুক হামলায় নিহত ও আহতদের পরিবারের প্রতি নিউ ইয়র্ক শোক প্রকাশ করছে।

আমাদের দেশের ইতিহাসে সবচেয়ে প্রাণঘাতী অ্যান্টি-সেমিটিক আক্রমণের ছয় মাস পর এবং পাসওভার উৎসবের চূড়ান্ত দিনে সিনাগগ, যা উপাসনার একটি পবিত্র স্থান, সেখানে আমরা আরেকটি বিধ্বংসী আক্রমণের মুখোমুখি হলাম। আজ ইহুদি সম্প্রদায় এবং সমস্ত ধর্মের মানুষদের কাঁধে কাঁধ মিলিয়ে নিউ ইয়র্ক তাদের পাশে রয়েছে।

পূর্ব সতর্কতা হিসেবে, আমি স্টেট পুলিশকে সিনাগগ এবং স্টেট জুড়ে থাকা উপাসনালয়সমূহের চারপাশে নিরাপত্তা বৃদ্ধি করার নির্দেশ দিয়েছি।

এই দুঃসহ সময়ে সব ধরনের ঘৃণা নির্মূল করতে এবং এ ধরনের সহিংস কর্মকাণ্ড দ্বারা আমরা বিভক্ত হব না তা জাতিকে দেখিয়ে দিতে আমাদেরকে আজ একসাথে থাকতে হবে।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)

নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)